গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল সার্কেল, চট্টগ্রাম।

এবং

মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল সার্কেল, চট্টগ্রাম।

এবং

মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র


বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

# বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ডাক সেবাকে ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরের মাধ্যমে বিশ্বমানের গ্রাহক বান্ধব ডাক সেবা প্রবর্তনের জন্য ডাক অধিদপ্তরের লক্ষ্যের সাথে একাত্ম হয়ে পূর্বাঞ্চল, সার্কেল কাজ করে যাচ্ছে। পূর্বাঞ্চল সার্কেলে এ পর্যন্ত মোট ১০২১টি ডাকঘরে জিইপি সেবা চালু করা হয়েছে। সার্কেল কর্তৃক ১০টি পুরাতন ডাকঘর নির্মাণ/ সংস্কার/ মেরামত পূর্বক আধুনিক সুবিধা সংযোজন করা হয়েছে। পচনশীল দ্রব্য পরিবহনে অত্র সার্কেলে চিলিং চেম্বার সুবিধাসহ ২টি মেইল প্রসেসিং এন্ড লজিস্টিক্স সার্ভিস সেন্টার রয়েছে। প্রান্তিক পর্যায়ে ইলেকট্রনিক মানি অর্ডার সার্ভিসের মাধ্যমে ভাতা বিতরণের কাজ চলমান আছে। ডাক পণ্যের ট্র্যাক অ্যান্ড ট্রেস সেবা চালু করার উদ্দেশ্যে ডমেস্টিক মেইল মনিটরিং সিস্টেম চালু করা হয়েছে। পস মেশিনের মাধ্যমে পূর্বাঞ্চল সার্কেলে গত ১ বছরে প্রায় ১৭ লক্ষ আর্টিক্যাল বুকিং করা হয়েছে। সার্কেলের ১৭০০ ডাকঘরে এই সুবিধা সম্প্রসারণ করা হয়েছে। এই সার্কেলে আইপিএস ডট পোস্ট সফটওয়্যারের মাধ্যমে বৈদেশিক ডাকের ডাটা এন্ট্রির হার ৯৮% । মানব সম্পদ উন্নয়নে সমসাময়িক বিষয়ের উপর ৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। সেবা বহুমুখীকরণে স্মারক ডাক টিকেটের ১টি প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে মোট ১৮ টি পদে সর্বমোট ৩১৫ জন কর্মচারি নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অত্র সার্কেলে সঞ্চয় ব্যাংকের এসবি-৭ / এসবি-৮/ সিডিউল ও অন্যান্য ডকুমেন্ট সংরক্ষণের জন্য সার্কেল অফিসেরে উদ্যোগে ডকুমেন্ট প্রিজাভেশন সফটওয়্যার তৈরী করে ৩টি অফিসে (চট্টগ্রাম জিপিও, বন্দর প্রধান ডাকঘর, পটিয়া প্রধান ডাকঘর) পাইলটিং করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পূর্বাঞ্চল সার্কেলে পোস্টাল অপারেটর ও পোস্টম্যান পদে জনবল নিয়োগ অতিজরুরি। পোস্টম্যান স্বল্পতার কারণে চিঠি বিলি কার্যক্রম স্পীডপোস্ট সেবা বাস্তবায়নে বিঘ্নের সৃষ্টি হবে। বিদ্যামান জনবলকে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে সক্ষম উপযোগী করে জনসম্পদে রূপান্তর করা একটি অন্যতম চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ সফলভাবে মোকাবেলা করা সম্ভব হলে আইসিটিভিত্তিক ডাক সেবাসমূহ সম্প্রসারণ সহজতর হবে। প্রযুক্তি নিয়ত পরিবর্তনশীল বিধায় নতুন প্রযুক্তি দ্রুত গ্রহণ ও ডাক সেবা প্রদানে যথাসময়ে এর প্রয়োগ নিশ্চিতকরণ। সকল ডাকঘরে ইন্টারনেট সংযোগসহ প্রয়োজনীয় আইসিটি যন্ত্রাংশ সরবরাহ এবং নিবিড় প্রশিক্ষণ ও তদারকি প্রয়োজন, যা আইপিএস ডট পোস্ট- এ শতভাগ ডাটা এন্ট্রিতে সহায়তা করবে । ডাক পরিবহনে নিজস্ব মেইল পরিবহনের সক্ষমতা অর্জন; এতদুদ্দেশ্যে নিজস্ব মেইল গাড়ি, ড্রাইভার ও জ্বালানী খাতে প্রয়োজনীয় বাজেট নিশ্চিতকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্বল্প মেয়াদি : ডিজিটাল ডাকঘরের উদ্যোক্তাগণের মাধ্যমে প্রান্তিক পর্যায়ের ডাক কর্মচারিগণকে বিদ্যমান ডিজিটাল ডাক সেবাসমূহের প্রশিক্ষণ প্রদান।

মধ্য মেয়াদি : আইপিএস ডট পোস্টে বৈদেশিক ডাকের শতভাগ ডাটা এন্ট্রি নিশ্চিতকরণ। শহরাঞ্চলে স্পীডপোস্ট সেবা বাস্তবায়ন।

দীর্ঘ মেয়াদি : প্রযুক্তি নির্ভর মেইল প্রসেসিং ও উপজেলা পর্যায়ে ই-কমার্স হাব নির্মাণ। পুরাতন ডাকঘর সমূহের সংস্কার ও সম্প্রসারণ। মেইল পরিবহনের জন্য পর্যাপ্ত পরিমাণ মেইল গাড়ি ও ফ্রোজেন ভ্যান আহরণ।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২৩-২৪ অর্থবছরে ই-কমার্স সেবা প্রদানকারী পোস্ট অফিসের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা ১৬টি ।
- ২০২৩-২৪ অর্থবছরে স্পীড পোস্ট সেবা প্রদানকারী পোস্ট অফিসের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা ১০টি ।
- ২০২৩-২৪ অর্থবছরে পুরাতণ ডাকঘর সংস্কার/মেরামতপূর্বক আধুনিক সুবিধা সংযোজনের লক্ষ্যমাত্রা ১০টি।
- ২০২৩-২৪ অর্থবছরে জিইপি সেবা গ্রামীণ/শাখা ডাকঘর পর্যন্ত সম্প্রসারণের লক্ষ্যমাত্রা- ৩৭৫টি ।
- ২০২৩-২৪ অর্থবছরে অভ্যন্তরীণ স্মারক ডাক টিকেটের প্রর্দশনী আয়োজনের লক্ষ্যমাত্রা ১টি ।
- ২০২৩-২৪ অর্থবছরে মানব সম্পদ উন্নয়নে সমসাময়িক বিষয়ের উপর প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ১টি
- ২০২৩-২৪ অর্থবছরে আইপিএস ডট পোস্টে বৈদেশিক ডাকের ডাটা এন্ট্রির লক্ষ্যমাত্রা ৯৮% ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল সার্কেল, চট্টগ্রাম।

এবং

মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ-এর মধ্যে ২০২৩ সালের ...জুলাই... মাসের ...চার... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

সাশ্রয়ী, সর্বজনীন এবং নির্ভরযোগ্য ডাক সেবা পৌছে দেয়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী, মানসম্পন্ন ও দ্রুততম সময়ে প্রান্তিক জনগোষ্ঠির দোরগোড়ায় আন্তর্জাতিক মানের ডাক সেবা নিশ্চিতকরণ।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. ডাক সেবার আধুনিকায়ন

২. আইসিটিভিত্তিক ডাক সেবার সম্প্রসারণ

৩. মানব সম্পদের দক্ষতা উন্নয়ন

৪. সেবার বহুমুখীকরণ

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ডাক সেবার পরিধি সম্প্রসারণ।

২. ডিজিটাল ডাক সেবার সম্প্রসারণ।

৩. সমসাময়িক বিষয়ের উপর প্রশিক্ষণ।

৪. জিইপি সেবা সম্প্রসারণ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| রাজস্ব আয় বৃদ্ধি | আয় বৃদ্ধি | কোটি টাকা | ১৪.৮৮ কোটি | ১৬.৯০ কোটি | ৪৮.০০ কোটি | ৫০.০০ কোটি | ৫২.০০ কোটি | ডাক অধিদপ্তর | পূর্বাঞ্চল সার্কেল বার্ষিক প্রতিবেদন |
| আদান-প্রদানকৃত ডাক দ্রব্যের সংখ্যা বৃদ্ধি | ডাক সংখ্যা বৃদ্ধি | সংখ্যা (লক্ষ) | ১৩২ লক্ষ | ১২০ লক্ষ | ১৪৪ লক্ষ | ১৫৩ লক্ষ | ১৬২ লক্ষ | ডাক অধিদপ্তর | পূর্বাঞ্চল সার্কেল বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] ডাক সেবার আধুনিকায়ন | ২৫ | [১.১] "স্পীড পোস্ট" সেবা কার্যক্রম সম্প্রসারণ | [১.১.১] "স্পীড পোস্ট" সেবা প্রদানকারি ডাকঘরের সংখ্যা বৃদ্ধিকরণ। | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১০ |
| | | [১.২] ডাকঘর নির্মাণ/ সংস্কার/ মেরামত | [১.২.১] পুরাতন ডাকঘর নির্মাণ/ সংস্কার/ মেরামত পূর্বক আধুনিক সুবিধা সংযোজন। | সমষ্টি | সংখ্যা | ১০ | ১০ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১০ |
| | | [১.৩] ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [১.৩.১] জিইপি সেবা গ্রামীণ ডাকঘর পর্যন্ত সম্প্রসারণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ১০২১ | ৩৭৫ | ৩৩০ | ২৯০ | ২৬০ | ২২০ | ১০০ | ১০০ |
| [২] আইসিটিভিত্তিক ডাক সেবার সম্প্রসারণ | ২৫ | [২.১] ডিজিটাল ডাক সেবার সম্প্রসারণ | [২.১.১ই-কমার্স সেবা প্রদানকারী পোস্টঅফিসের সংখ্যা বৃদ্ধি | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ১০ | ৮ | ১৬ | ১৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] পস মেশিনের ব্যবহার | [২.২.১] পস মেশিনের মাধ্যমে বুকিং সংখ্যা বৃদ্ধি | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ১৭০০০০০ | ১৭০০০০০ | ১৬০০০০০ | ১৫০০০০০ | ১৪০০০০০ | ১৩০০০০০ | ১৭০০০০০ | ১৭০০০০০ |
| | | [২.৩] আইপিএস ডট পোস্ট-এ ডাটা এন্ট্রি | [২.৩.১] আইপিএস ডট পোস্ট-এ শতভাগ ডাটা এন্ট্রি নিশ্চিতকরণ | গড় | শতকরা হার | ৫ | ৫০ | ৯৮ | ৯৮ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৯৮ | ৯৮ |
| | | [২.৪] অভ্যন্তরীণ ডাকের ট্র্যাকিং এবং ট্রেসিং সুবিধা সম্প্রসারণ | [২.৪.১] অভ্যন্তরীণ ডাকের ট্র্যাকিং এবং ট্রেসিং সুবিধা সম্প্রসারণ | সমষ্টি | সংখ্যা | ১০ | ০ | ১৭০০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ২০০ | ১০০ |
| [৩] মানব সম্পদের দক্ষতা উন্নয়ন | ১০ | [৩.১] সমসাময়িক বিষয়ের উপর প্রশিক্ষণ | [৩.১.১] প্রশিক্ষণ আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪ | ৪ | ১ | ১ | ১ | ০ | ০ | ১ | ১ |
| [৪] সেবার বহুমুখীকরণ | ১০ | [৪.১] স্মারক ডাক টিকেটের প্রদর্শনী ও বিপনন | [৪.১.১] স্মারক ডাক টিকেটের প্রদর্শনী ও বিপনন | তারিখ | তারিখ | ১০ | ০ | ১ | ৩০.০৬.২৪ | ৩১.০৭.২৪ | ২৯.০৮.২৪ | ৩০.০৯.২৪ | ৩১.১০.২৪ | ৩০.০৬.২৫ | ৩০.০৬.২৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল সার্কেল, চট্টগ্রাম।, মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ হিসাবে পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল সার্কেল, চট্টগ্রাম।-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

পোস্টমাস্টার জেনারেল
পূর্বাঞ্চল সার্কেল, চট্টগ্রাম।

মোঃ [illegible]
পোস্টমাস্টার জেনারেল (চঃদাঃ)
পূর্বাঞ্চল, চট্টগ্রাম-৪১০০।
ফোন:-০২৩৩৩৩১১১৩৫

১/৭/২০২৩খ্রিঃ
তারিখ

মহাপরিচালক
বাংলাদেশ ডাক বিভাগ

মোঃ হারুনুর রশীদ
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)
ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোনঃ ০২-৫৮১৬০৭০৩

১/৭/২৩
তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইপিএস | ইন্টারন্যাশনাল পোস্টাল সার্ভিস |
| ২ | ইএমটিএস | ইলেকট্রনিক মনি ট্রান্সফার সিস্টেম |
| ৩ | ই-কমার্স | ইলেকট্রনিক কমার্স |
| ৪ | জিইপি | গ্যারান্টেড এক্সপ্রেস পোস্ট |
| ৫ | ডিএমএস | ডমেস্টিক মেইল সফটওয়্যার |
| ৬ | পস | পয়েন্ট অব সেল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] "স্পীড পোস্ট" সেবা কার্যক্রম সম্প্রসারণ | [১.১.১] "স্পীড পোস্ট" সেবা প্রদানকারি ডাকঘরের সংখ্যা বৃদ্ধিকরণ। | মেইল শাখা | অফিস আদেশ |
| [১.২] ডাকঘর নির্মাণ/ সংস্কার/ মেরামত | [১.২.১] পুরাতন ডাকঘর নির্মাণ/ সংস্কার/ মেরামত পূর্বক আধুনিক সুবিধা সংযোজন। | ইমারত শাখা | কার্যাদেশ ও কার্যসমাপ্তি প্রতিবেদন |
| [১.৩] ডাক সেবার পরিধি সম্প্রসারণ | [১.৩.১] জিইপি সেবা গ্রামীণ ডাকঘর পর্যন্ত সম্প্রসারণ | মেইল শাখা | অফিস আদেশ |
| [২.১] ডিজিটাল ডাক সেবার সম্প্রসারণ | [২.১.১] ই-কমার্স সেবা প্রদানকারী পোস্টঅফিসের সংখ্যা বৃদ্ধি | মেইল শাখা | অফিস আদেশ |
| [২.২] পস মেশিনের ব্যবহার | [২.২.১] পস মেশিনের মাধ্যমে বুকিং সংখ্যা বৃদ্ধি | মেইল শাখা | সিস্টেম জেনারেটেড রিপোর্ট |
| [২.৩] আইপিএস ডট পোস্ট-এ ডাটা এন্ট্রি | [২.৩.১] আইপিএস ডট পোস্ট-এ শতভাগ ডাটা এন্ট্রি নিশ্চিতকরণ | মেইল শাখা | সিস্টেম জেনারেটেড রিপোর্ট |
| [২.৪] অভ্যন্তরীণ ডাকের ট্র্যাকিং এবং ট্রেসিং সুবিধা সম্প্রসারণ | [২.৪.১] অভ্যন্তরীণ ডাকের ট্র্যাকিং এবং ট্রেসিং সুবিধা সম্প্রসারণ | মেইল শাখা | সিস্টেম জেনারেটেড রিপোর্ট |
| [৩.১] সমসাময়িক বিষয়ের উপর প্রশিক্ষণ | [৩.১.১] প্রশিক্ষণ আয়োজন | কর্ম শাখা | অফিস আদেশ ও হাজিরা তালিকা |
| [৪.১] স্মারক ডাক টিকেটের প্রদর্শনী ও বিপনন | [৪.১.১] স্মারক ডাক টিকেটের প্রদর্শনী ও বিপনন | সঞ্চয় শাখা | অফিস আদেশ, স্থির চিত্র |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| "স্পীড পোস্ট" সেবা কার্যক্রম সম্প্রসারণ | "স্পীড পোস্ট" সেবা প্রদানকারি ডাকঘরের সংখ্যা বৃদ্ধিকরণ। | সার্কে লাধীন প্রধান ডাকঘরসমূহ | ১। মাসিক সমন্বয় সভা ২। অফিস আদেশ প্রদান ৩। জনবল প্রদান |
| ডাক সেবার পরিধি সম্প্রসারণ | জিইপি সেবা গ্রামীণ ডাকঘর পর্যন্ত সম্প্রসারণ | সার্কেলাধীন ডাকঘরসমূহ | ১। মাসিক সমন্বয় সভা ২। অফিস আদেশ প্রদান ৩। প্রতিবেদন বিশ্লেষণ ৪। প্রতিবেদন ঘাটতি পূরণে কর্মকৌশল প্রদান |
| ডিজিটাল ডাক সেবার সম্প্রসারণ | ই-কমার্স সেবা প্রদানকারী পোস্টঅফিসের সংখ্যা বৃদ্ধি | সার্কেলাধীন ডাকঘরসমূহ | ১। মাসিক সমন্বয় সভা ২। অফিস আদেশ প্রদান ৩। কার্যক্রম বিশ্লেষণ |
| আইপিএস ডট পোস্ট-এ ডাটা এন্ট্রি | আইপিএস ডট পোস্ট-এ শতভাগ ডাটা এন্ট্রি নিশ্চিতকরণ | সার্কেলাধীন ডাকঘরসমূহ | ১। প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ২। সিস্টেম জেনারেটেড রিপোর্ট বিশ্লেষণ ৩। সার্বক্ষণিক মনিটরিং |
| অভ্যন্তরীণ ডাকের ট্র্যাকিং এবং ট্রেসিং সুবিধা সম্প্রসারণ | অভ্যন্তরীণ ডাকের ট্র্যাকিং এবং ট্রেসিং সুবিধা সম্প্রসারণ | সার্কেলাধীন ডাকঘরসমূহ | ১। প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ২। সিস্টেম জেনারেটেড রিপোর্ট বিশ্লেষণ ৩। সার্বক্ষণিক মনিটরিং |
| সমসাময়িক বিষয়ের উপর প্রশিক্ষণ | প্রশিক্ষণ আয়োজন | সার্কেল অফিস, কর্ম শাখা | ১। প্রশিক্ষণের বিষয় নির্ধারণ ২। প্রশিক্ষণার্থীদের নিকট থেকে ফিডব্যাক গ্রহণ |
| পস মেশিনের ব্যবহার | পস মেশিনের মাধ্যমে বুকিং সংখ্যা বৃদ্ধি | সার্কেলাধীন ডাকঘরসমূহ | ১। প্রয়োজনীয় পস মেশিন সরবরাহ ২। সিম রিপ্লেসমেন্ট ৩। সিস্টেম জেনারেটেড রিপোর্ট বিশ্লেষণ |
| স্মারক ডাক টিকেটের প্রদর্শনী ও বিপনন | স্মারক ডাক টিকেটের প্রদর্শনী ও বিপনন | চট্টগ্রাম জিপিও | ১। অফিস আদেশ ২। প্রচার কার্যক্রম পরিচালনা ৩। প্রয়োজনীয় ডাক টিকেট সরবরাহ নিশ্চিতকরণ |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ